চ্যান্সেলরের প্রবিধান

ধরন:	**শিক্ষার্থী**	ইস্যুর তারিখ: ৯/২২/১০	নম্বর:	**A-190**
বিষয়:	স্কুল ব্যবহারের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ পরিবর্তন এবং একাধিক স্কুল ধারণকারী ভবনের ব্যবস্থাপনার পদ্ধতি		পাতা:	1 মোট পাতা 2

পরিবর্তনসমূহের সারাংশ

এই প্রবিধান চ্যান্সেলরের ১৩ই নভেম্বর, ২০০৯ তারিখের A-190 প্রবিধানকে স্থলাভিষিক্ত করে।

পরিবর্তনসমূহ

- হাইস্কুলগুলিতে স্কুল ব্যবহারের ক্ষেত্রে প্রস্তাবিত গুরুত্বপূর্ণ পরিবর্তনের লক্ষ্যে "ক্ষতিগ্রস্থ কম্যুনিটি স্কুল ডিস্টিক্ট"-এর সংজ্ঞার ব্যাখ্যা দেয় (পাতা 1, § I.A)।
- বাঁধাগ্রস্ত স্কুলের সমস্ত সাইটে অধ্যয়নরত শিক্ষার্থীদের বোঝাতে "ক্ষতিগ্রস্ত শিক্ষার্থী"-এর সংজ্ঞার ব্যাখ্যা দেয় (পাতা 1, §I.C)।
- "ক্ষতিগ্রস্থ কম্যুনিটি এডুকেশন কাউন্সিল ("CEC")-এর সংজ্ঞার ব্যাখ্যা দেয় (পাতা 1, § I.D)।
- "বাধাগ্রস্থ কম্যুনিটি বোর্ড"-এর সংজ্ঞার ব্যাখ্যা দেয়(পাতা 1, § I.E)।
- নিশ্চিত করে যে, চ্যান্সেলরের প্রবিধান A-660 দ্বারা নির্ধারিত "পিতামাতা"-র সংজ্ঞার সাথে প্রবিধানে ব্যবহৃত সংজ্ঞার মিল রয়েছে (পাতা ১, § I.F)।
- "স্কুল ব্যবহারের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ পরিবর্তন" কথাটি সংশোধন করে এতে ডিস্ট্রিক্ট ৭৫ স্কুল প্রতিষ্ঠানসমূহের পরিবর্তন আওতাভুক্ত করে, এবং ব্যাখ্যা দেয় যে কথাটি বর্তমানে স্কুল বা কর্মসূচি কর্তৃক ব্যবহৃত তাদের স্থাপনায় কোন কর্মসূচি যেমন, "মেধাবী ও প্রতিভাবান"-এ ভর্তি বা অবস্থানের পরিবর্তনের জন্য প্রযোজ্য নয় এবং একই সাথে বর্তমানে ডি.ও.ই. কর্তৃক ব্যবহৃত হচ্ছে না এমন নব-নির্মিত অথবা অন্য কোন স্থাপনায় খোলা নতুন স্কুলের সহ-অবস্থানের জন্যও প্রযোজ্য নয় (পাতা 1, § I.G)।
- সংশোধিত চার্টার স্কুল আইনের সাথে যাতে ডি.ও.ই. যাতে সঙ্গতিপূর্ণ হতে সমর্থ হয, সে উদ্দেশ্যে "মূলধনী উন্নয়ন বা স্থাপনার উন্নতিকরণের"- সংজ্ঞা সংযোজন করে (পাতা 1, § I.H)।
- এডুকেশনাল ইমপ্যাক্ট স্টেটমেন্ট ("ই.আই.এস.") এবং ভবন ব্যবহারের পরিকল্পনা তৈরি করার জন্য ব্যবহারের উদ্দেশ্যে, নমুনামূলক নির্দেশনা নির্ধারণ করে নতুন পরিশিষ্ট সংযোজন করে (পাতা 2, § II.A.1 এবং সংযুক্তি নং 1; পাতা 2-3 § II.A.2(a)(ii) এবং সংযুক্তি নং 2)।
- ক্ষতিগ্রস্থ বা বাধগ্রস্থ স্কুল, পিতামাতা, সি.ই.সি., স্কুল নেতৃত্বদল, এবং অন্যান্য যথাযথ সংগঠনের নিকট ই.আই.এস. এর প্রতিলিপি নথিভুক্ত এবং বিতরণের জন্য নতুন পদ্ধতি নির্ধারণ করে দেয় (পাতা 2-3, § II.A.2)।
- এক বা একাধিক চার্টার স্কুলের সাথে এক বা একাধিক নন-চার্টার স্কুলের সহ-অবস্থানের ক্ষেত্রে ই.আই.এস.-এ কী কী তথ্য থাকতে হবে তার বিবরণসহ একটি নতুন বিভাগ সংযোজন করে (পাতা 3-4, § II.A.3)।
- স্কুল ব্যবহারের ক্ষেত্রে প্রস্তাবিত গুরুত্বপূর্ণ পরিবর্তন আনয়নের জন্য যৌথ উন্মুক্ত শুনানির সময়সূচি নির্ধারণ, আলোচ্যসূচি নির্ধারণ এবং বিজ্ঞপ্তি প্রদানের প্রক্রিয়া নির্ধারণ করে (পাতা 4-5, § II.B)।
- ব্যাখ্যা করে যে, চ্যান্সেলর কোন ইআইএস-এ বড় ধরণের সংশোধনী আনলে আরো একটি যৌথ উন্মুক্ত শুনানি প্রয়োজন (পাতা 5, §II.B.5)।
- প্যানেল ফর এডুকেশন পলিসি কর্তৃক অনুমোদিত স্কুল ব্যবহারের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ পরিবর্তন কোন সময় থেকে কার্যকর হতে পারে সেটির সময়রেখা নির্ধারণ করে দেয় (পাতা 6, § II.C.5)।
- যে সকল পাবলিক স্কুল ভবনে দুই বা তার অধিক স্কুল সহ-অবস্থান করে সেগুলোর জন্য বিল্ডিং কাউন্সিল গঠন করে এবং ঐ সকল বিল্ডিং কাউন্সিলের জন্য সভার ন্যূনতম সময়সূচি এবং পদ্ধতি নির্ধারণ করে দেয় (পাতা 6-7, § III.A)।
- যে-সকল পাবলিক স্কুল ভবনে এক বা একাধিক চার্টার স্কুল, এক বা একাধিক নন-চার্টার স্কুলের সাথে সহ-অবস্থান করে, সেগুলোর জন্য জায়গা বন্টনের কমিটি গঠন করে, এবং সুনির্দিষ্ট করে দেয় যে, সেই সকল কমিটিতে ডি.ও.ই.-র পিতামাতা এবং শিক্ষক প্রতিনিধিবৃন্দ ঐ স্কুলগুলোর প্রযোজ্য এস.এল.টি. গঠনকারী সদস্য দ্বারা নির্বাচিত হবেন (পাতা 7, § III.B.1)।

চ্যান্সেলরের প্রবিধান

ধরন:	শিক্ষার্থী	ইস্যুর তারিখ:	৯/২২/১০	নম্বর:	**A-190**
বিষয়:	স্কুল ব্যবহারের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ পরিবর্তন এবং একাধিক স্কুল ধারণকারী ভবনের ব্যবস্থাপনার পদ্ধতি			পাতা:	2 মোট পাতা 2

- বর্ণনা করে যে, সংশোধিত চার্টার স্কুল আইন অনুসারে, পাবলিক স্কুল ভবনের মধ্যে একটি চার্টার স্কুলের সহ-অবস্থানের আয়োজন করার ক্ষেত্রে, চ্যান্সেলর অথবা তার মনোনীত প্রতিনিধি সর্বাগ্রে, লিখিতভাবে, পাঁচ হাজার ডলারের বেশি ব্যয়ের যে কোন প্রস্তাবিত মূলধনী উন্নয়ন বা স্থাপনার উন্নতিকরণের জন্য, অবশ্যই অনুমতি দিবেন, অর্থের উৎস যাইই হোক না কেন; এবং এ ধরনের সহ-অবস্থানের চার্টার স্কুল কীভাবে অনুমতি প্রার্থনা করবে সেটির একটি প্রক্রিয়া তৈরি করে দেয় (পাতা 7-8, § III.B.2)।
- আরো বর্ণনা করে যে, চ্যান্সেলর কর্তৃক অনুমোদিত এ ধরনের যে কোন মূলধনী উন্নয়ন বা স্থাপনার উন্নয়নের ক্ষেত্রে সঙ্গতিপূর্ণ মূলধনী উন্নয়ন বা স্থাপনার উন্নয়নের ব্যয়ের পরিমাণ হবে সেই পরিমাণের সমান, বা এই ধরনের উন্নয়নের বা উন্নতির তিন মাসের মধ্যে, পাবলিক স্কুল ভবনের মধ্যে অবস্থিত একটি চার্টার স্কুল তার সহ-অবস্থানের নন-চার্টার স্কুলের জন্য ব্যয় করে (পাতা 7, § III.B.2)।
- সমগ্র প্রবিধানে "ডি ৭৫ কর্মসূচি" কথাটি সংশোধন করে "ডি ৭৫ স্কুল সংগঠন"-এ পরিবর্তন করে।
- ব্যাখ্যা করে যে কোন্ কোন্ ব্যক্তি বা প্রতিষ্ঠানের প্রতিনিধি প্রস্তাবের বিজ্ঞপ্তি লাভ করবে এবং/অথবা যৌথ উন্মুক্ত শুনানিতে অংশগ্রহণের জন্য আমন্ত্রণ পাবে।
- এই প্রবিধান সম্পর্কে অনুসন্ধান গ্রহণের জন্য মনোনীত যোগাযোগের অফিসের নাম হালনাগাদ করে।

সারমর্ম

২০০৯ সালে, নিউ ইয়র্কের শিক্ষা আইন সংশোধন করে বাধ্যবাধকতা জ্ঞাপন করা হয় যে, কোন স্কুল বন্ধ করার বা স্কুল ব্যবহারের ক্ষেত্রে কোন গুরুত্বপূর্ণ পরিবর্তন আনার জন্য, চ্যান্সেলরের সকল প্রস্তাব একটি উন্মুক্ত পর্যালোচনা ও মন্তব্য প্রক্রিয়ার মধ্যে দিয়ে যেতে হবে।আইনটি সংশোধন করার মাধ্যমেও, কোন স্কুল বন্ধ করার বা স্কুল ব্যবহারের ক্ষেত্রে কোন গুরুত্বপূর্ণ পরিবর্তনের জন্য চ্যান্সেলরের সকল প্রস্তাব অনুমোদন করার ক্ষমতা নিউ ইয়র্ক সিটি বোর্ড অব এডুকেশন (এখানে পরবর্তীতে প্যানেল ফর এডুকেশনাল পলিসি (পি.ই.পি.)নামে অভিহিত) -এর উপর ন্যস্ত করা হয়।১৯৯৮ সালের নিউ ইয়র্ক স্টেট চার্টার স্কুল আইনটি ২০১০ সালে সংশোধন করেও একটি বর্তমান পাবলিক স্কুল ভবনের মধ্যে এক বা একাধিক চার্টার স্কুলের অবস্থান বা সহ-অবস্থান সংক্রান্ত অতিরিক্ত বাধ্যবাধকতামূলক প্রক্রিয়া আরোপ করা হয় ("সংশোধিত চার্টার স্কুল আইন")।এই সংশোধিত প্রবিধান, আইনের এই প্রতিটি সংশোধন বাস্তবায়ন করে।

I. সংজ্ঞা

A. এলিমেন্টারি,ইন্টারমিডিয়েট,এবং মিডল স্কুল সংক্রান্ত প্রস্তাবে "ক্ষতিগ্রস্থ কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট" বলতে, প্রস্তাবের বিবেচ্য স্কুলটি যে-ডিস্ট্রেক্টে অবস্থিত, সেই কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্টকে বোঝাবে।হাই স্কুল গ্রেড সংকান্ত প্রস্তাবে, এই কথাটি, প্রস্তাবের বিবেচ্য স্কুলের ভৌগলিক সীমানার মধ্যে অবস্থিত কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্টকে বোঝাবে।

B. "ক্ষতিগ্রস্থ স্কুল" এবং "বাধাগ্রস্থ স্কুল" কথাগুলো শুধুমাত্র প্রস্তাবে সরাসরি ব্যবস্থার জন্য চিহ্নিত একক শিক্ষা-নির্দেশনার সংস্থাকে বোঝায় এবং প্রস্তাবিত ব্যবস্থার ফলে নতুন সহ-অবস্থানের যে-কোন স্কুলকে বোঝায়।কোন স্কুলের গ্রেডের সংখ্যার সম্প্রসারণের প্রস্তাবে,এই কথাটি সম্প্রসারণশীল স্কুলের সাথে সহ-অবস্থানের যে-কোন স্কুলকেও বোঝাবে।

C. "ক্ষতিগ্রস্থ শিক্ষার্থী" এবং "ক্ষতিগ্রস্থ পিতামাতা" বলতে সেই সকল শিক্ষার্থী এবং শিক্ষার্থীদের পিতামাতাদেরকে বোঝায়, যারা এই স্কুল বন্ধের অথবা স্কুল ব্যবহারের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ পরিবর্তনের ক্ষেত্রের প্রস্তাবের সময় বাধাগ্রস্থ স্কুলের যে কোন সাইটে পড়াশোনা করছে।

D. "ক্ষতিগ্রস্থ কম্যুনিটি এডুকেশন কাউন্সিল" অথবা "বাধাগ্রস্থ সি.ই.সি. অথবা কাউন্সিল" কথাটি ক্ষতিগ্রস্থ কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্টের প্রতিনিধিত্বকারী কম্যুনিটি এডুকেশন কাউন্সিলকে (সি.ই.সি.) বোঝাবে।

E. এলিমেন্টারি,ইন্টারমিডিয়েট এবং মিডল স্কুল সংক্রান্ত প্রস্তাবের ক্ষেত্রে ক্ষতিগ্রস্থ স্কুলটি যে-কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্টে অবস্থিত তার ভৌগলিক পরিসীমার মধ্যে অবস্থিত কম্যুনিটি বোর্ড "বাধাগ্রস্থ কম্যুনিটি বোর্ড"-এর অন্তর্ভুক্ত। হাই স্কুল সংক্রান্ত প্রস্তাবের ক্ষেত্রে, ক্ষতিগ্রস্থ স্কুলটি যে-কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্টে অবস্থিত তার ভৌগলিক সীমানার মধ্যে অবস্থিত কম্যুনিটি বোর্ড এই কথাটির অন্তর্ভুক্ত থাকবে।

F. চ্যান্সেলরের প্রবিধান A-660 -এ দেয়া সংজ্ঞার সাথে সংগতি রেখে, "পিতামাতা" বলতে শিক্ষার্থীর পিতামাতা অথবা অভিভাবক, অথবা শিক্ষার্থীর সাথে পিতামাতা সম্বন্ধীয় ব্যক্তি বা শিক্ষার্থীর দেখাশোনা করেন এমন যে কোন ব্যক্তিকে বোঝায়।পিতামাতার সংজ্ঞার অন্তর্ভুক্ত থাকবে: বর্তমানে স্কুলে অধ্যয়নরত শিক্ষার্থীর জন্মগত বা দত্তক পিতামাতা, সতপিতামাতা, আইনগতভাবে নিযুক্ত অভিভাবক, পালক পিতামাতা, এবং "পিতামাতা সম্বন্ধীয় ব্যক্তি"।

G. "স্কুল ব্যবহারের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ পরিবর্তন" বলতে স্কুল পর্যায়ক্রমে বন্ধ (ফেজ-আউট)করে দেয়া, গ্রেডের পুনর্বিন্যাস, অবস্থান পরিবর্তন, অথবা বর্তমানে ব্যবহৃত স্কুল স্থাপনার মধ্যে স্কুলের বা ডিস্ট্রিক্ট ৭৫ স্কুল প্রতিষ্ঠানের সহ-অবস্থান বোঝায়। স্কুল-ভিত্তিক কর্মসূচির পরিবর্তন, জোনিং রেখার পরিবর্তন, অথবা, স্কুল বা অন্যান্য কর্মসূচি কর্তৃক বর্তমানে ব্যবহৃত স্থাপনায় কর্মসূচি যেমন, মেধাবীও প্রতিভাবান কর্মসূচিতে ভর্তি/আয়োজন "স্কুল ব্যবহারের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ পরিবর্তন"-এর অন্তর্ভুক্ত হবে না, এবং বর্তমানে ডি.ও.ই. কর্তৃক ব্যবহৃত হচ্ছে না এমন নুতন নির্মাণস্থলে বা অন্যান্য স্থাপনায় নতুন স্কুলের সহ-অবস্থানও এই কথাটির অন্তর্ভুক্ত নয়।

H. "মূলধনী উন্নয়ন বা স্থাপনার উন্নতিকরণ"বলতে একটি বর্তমান ভবনের স্থায়ী সংযোজন অথবা পরিবর্তনকে বোঝাবে, যার উদ্দেশ্য হচ্ছে ভবনের মূল্য, শোভা অথবা উপযোগিতা বৃদ্ধি করা অথবা নতুন কোন উদ্দেশ্যে ভবনকে খাপ খাওয়ানো।এ ধরনের সংযোজন বা পরিবর্তন বর্তমানভবনের স্থায়ী অংশ হয়ে যায়, অথবা বর্তমান ভবনের সাথে এমন স্থায়ীভাবে স্থাপনের উদ্দেশ্যে করা হয়, যা সরিয়ে নিলে ভবন বা জিনিসটি নিজেই বস্তুত ক্ষতিগ্রস্থ হবে।উপরের এই বর্ণনা ছাড়াও, স্থাপনার উন্নয়ন হিসাবে ধরা হয় এমন সকল সংযোজন এবং পরিবর্তনের একটি তালিকা দেওয়া হল, তবে তা এতেই সীমত নয়: মেঝের ঢাকনার পরিতর্বন; বৈদ্যুতিক বা কম্পিউটার নেটওয়ার্কের তারের কাজ, এবং উইন্ডো ইউনিট এয়ার কন্ডিশনার স্থাপন।একটি প্রস্তাবিত নির্দিষ্ট প্রকল্প একটি স্থাপনার উন্নয়ন হিসাবে বিবেচনা করা হবে কিনা সে-বিষয়ে চ্যান্সেলর চূড়ান্ত ক্ষমতা সংরক্ষণ করেন।

II. স্কুল বন্ধ এবং স্কুল ব্যবহারের ক্ষেত্রে পরিবর্তন সম্পর্কে চ্যান্সেলরের প্রস্তাবের উপর উন্মুক্ত পর্যালোচনা এবং মন্তব্যের পদ্ধতি

A. শিক্ষা বাধাগ্রস্থের বিবৃতি

1. চ্যান্সেলর যখন কোন স্কুল বন্ধ করার অথবা স্কুল ব্যবহারের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ পরিবর্তনের (যেমন, পর্যায়ক্রমে বন্ধ, গ্রেড পুনর্বিন্যাস, অবস্থান পরিবর্তন, অথবা স্কুলের সহ-অবস্থান) প্রস্তাব করেন, তখন তিনি শিক্ষা-বাধাগ্রস্থের একটি বিবৃতি ("ই.আই.এস")[1] প্রস্তুত করেন।প্রযোজ্য হলে,এই ই.আই.এস.-এর অন্তর্ভুক্ত থাকবে:

   a. ক্ষতিগ্রস্থ স্কুলে বর্তমানে এবং প্রাক্কলিত ভর্তি শিক্ষার্থীর সংখ্যা;

   b. এ ধরনের স্কুল ভবনের সম্ভাব্য চাহিদা;

   c. এ ধরনের স্কুল বন্ধ করার অথবা ব্যবহারের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ পরিবর্তনের কারণে কম্যুনিটির উপর প্রভাব;

   d. স্কুল বন্ধ অথবা ব্যবহারের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ পরিবর্তনের কারণে প্রাথমিক খরচ এবং সাশ্রয়;

   e. কোন বন্ধ করা স্কুলের সম্ভাব্য নিস্পত্তি;

   f. ক্ষতিগ্রস্থ শিক্ষার্থীদের উপর প্রস্তাবের প্রভাব;

   g. অন্য কোন শিক্ষা কর্মসূচি বা প্রশাসনিক পরিষেবার জন্য স্কুল ভবন ব্যবহারের কোন প্রস্তাবের সম্ভাব্য রুপরেখা;

   h. স্কুল বন্ধ বা ব্যবহারের পরিবর্তন হেতু কর্মী চাহিদার উপর প্রভাব এবং শিক্ষা-নির্দেশনা,প্রশাসন,পরিবহন এবং অন্যান্য সহায়ক পরিষেবার ব্যয়ের উপর প্রভাব;

   i. স্কুল ভবনের ধরন, বয়স, এবং ভৌত অবস্থা, রক্ষণবেক্ষণ এবং শক্তির ব্যয, এ ধরনের স্কুলের ভবনের সাম্প্রতিক বা পরিকল্পিত উন্নতি, এবং এ ধরনের ভবনের বিশেষ বৈশিষ্ট্য;

   j. স্কুল বন্ধ বা ব্যবহারের পরিবর্তনের পর ক্ষতিগ্রস্থ কম্যুনিটি ডিস্ট্রিক্টের অন্যান্য স্কুল কর্তৃক শিক্ষার্থীদেরকে গ্রহণ করার সামর্থ্য; এবং

   k. স্কুলের প্রাতিষ্ঠানিক কার্যসম্পাদনার তথ্য, যার অন্তর্ভুক্ত থাকবে যে, এই স্কুল 'পারসিসটেন্টলি লোয়েস্ট অ্যাচিভিং স্কুল, স্কুল আন্ডার রেজিস্ট্রেশন রিভিউ এবং/অথবা আন্ডার ডিফারিনশিয়েটেড অ্যাকাউন্টিবিলিটি স্ট্যাটাস'(উন্নতি আবশ্যক, সংশোধনী ব্যবস্থাধীন,অথবা পুনর্গঠন) হিসাবে চিহ্নিত কি না।

2. একটি বর্তমান পাবলিক স্কুল ভবনে চার্টার স্কুলের অবস্থান এবং/অথবা সহ-অবস্থান সংক্রান্ত ই.আই.এস.।

   a. কোন বর্তমান পাবলিক স্কুল ভবনে কোন চার্টার স্কুলের অবস্থান বা সহ-অবস্থানের যে কোন প্রস্তাবের ই.আই.এস.-এর মধ্যে অবশ্যই পরবর্তী এইগুলো অন্তর্ভুক্ত থাকতে হবে:

      i. চার্টার স্কুলের অবস্থান বা সহ-অবস্থানের জন্য কেন এই পাবলিক স্কুল ভবনকে চিহ্নিত করা হয়েছে তার যৌক্তিকতা; এবং

      ii. ভবন ব্যবহারের পরিকল্পনা,যার মধ্যে পরবর্তী এই তথ্য অন্তর্ভুক্ত থাকবে, তবে এতেই সীমিত থাকার প্রয়োজন নেই (ভবন ব্যবহারের পরিকল্পনার একটি সুপারিশকৃত নির্দেশনা এই প্রবিধানের সাথে সংযুক্তি নং 2-এ পরিশিষ্ট হয়েছে):

[1] এই ধরনের ই.আই.এস.-এর সুপারিশকৃত নির্দেশনা এই প্রবিধানের সংযুক্তি ১ হিসাবে পরিশিষ্ট হয়েছে।যেহেতু প্রতিটি প্রস্তাবই ভিন্ন, প্রস্তাবের নির্দিষ্ট পরিস্থিতিকে কেন্দ্র করে, সেই আলোকে ই.আই.এস.যথাযথ তথ্য অন্তর্ভুক্ত করবে।

(a) চার্টার এবং নন-চার্টার স্কুলের মধ্যে শ্রেণি কক্ষ এবং প্রশাসনিক স্থানের প্রকৃত বরাদ্দ ও বন্টন।ডি.ও.ই.-এর শিক্ষা-নির্দেশনা ফুট প্রিন্ট ("দ্যা ফুটপ্রিন্ট") অনুসারে প্রতিটি স্কুলের জন্য চিহ্নিত কক্ষের সংখ্যা এবং ধরন বরাদ্দে উল্লেখ করা থাকবে।ফুটপ্রিন্ট অনুসারে, এই পরিকল্পনায় যে কক্ষ বরাদ্দ করা হবে না, সেটির সংখ্যা এবং ধরনও বর্ণিত থাকবে। ফুটপ্রিন্ট অনুসারে যে-জায়গা পরিকল্পনায় বরাদ্দ করা হবে না, তা সহ-অবস্থানের স্কুলগুলির মধ্যে সমতার ভিত্তিতে বরাদ্দ করা হবে।সমতার ভিত্তিতে বরাদ্দ নির্ধারণের ক্ষেত্রে, ডি.ও.ই. যে-বিষয়গুলি বিবেচনা করতে পারে সে ধরনের বিষয় হচ্ছে সহ-অবস্থানরত স্কুলের ভর্তি সংখ্যা, সহ-অবস্থানরত স্কুলের কর্মসূচিগত চাহিদা, ভবনের মধ্যে অতিরিক্ত জায়গার প্রকৃত অবস্থান;

(b) চার্টার স্কুল এবং নন-চার্টার স্কুল কর্তৃক সহযোগিতামূলকভাবে বন্টনযোগ্য সুবিধাসমূহ এবং জায়গা, ব্যবহারের একটি প্রস্তাব, যার অন্তর্ভুক্ত থাকবে, তবে এতেই সীমিত নয়, তা হচ্ছে ক্যাফেটেরিয়া, লাইব্রেরি, জিমনাসিয়াম এবং খেলার মাঠসহ বিনোদনের জায়গা, একইভাবে সমতার ভিত্তিতে চার্টার স্কুলের শিক্ষার্থীর জন্য যেমনটি দেয়া হয়, তেমন ভাবে নন-চার্টার স্কুলের শিক্ষার্থীর জন্য, যুক্তিসঙ্গত সময়ে, এ ধরনের সুবিধা পাওয়া নিশ্চিত করবে;

(c) প্রস্তাবিত বরাদ্দ এবং এই উপ-অনুচ্ছেদের শর্ত (a) এবং (b) দ্বারা নির্ধারিত তপসীলের সম্ভাব্যতার যৌক্তিকতা এবং কীভাবে এই প্রস্তাবিত বরাদ্দ এবং বন্টনের মাধ্যমে ব্যবহার এ পাবলিক স্কুল ভবনের ব্যবহারকে সমতা এবং সমতুল্য পর্যায়ে নিয়ে যাবে;

(d) ভবনের নিরাপত্তা এবং সুরক্ষা;

(e) সহ-অবস্থানরত স্কুল কর্তৃক ব্যবহার্য যোগাযোগের কৌশল, এবং

(f) এই প্রবিধানের সেকশন III.B.1. অনুসারে যৌথ-স্থান সংক্রান্ত কমিটি গঠনসহ, সহ-অবস্থানরত স্কুল কর্তৃক সহযোগিতামূলক সিদ্ধান্ত প্রক্রিয়া ব্যবহারের কৌশল।

iii. নিউ ইয়র্কের শিক্ষা আইন §2590-g-এর সাত নম্বর উপবিভাগের বাধ্যবাধকতা অনুসারে ভবন ব্যবহারের পরিকল্পনার সংশোধনের জন্য পি.ই.পি.-র অনুমোদন লাগবে।

(a) এই প্রবিধানের ক্ষেত্রে, ভবন ব্যবহারের পরিকল্পনার যে কোন প্রস্তাবিত পরিবর্তন, যার ফলে সহ-অবস্থানরত স্কুল,ফুটপ্রিন্ট অনুযায়ী বরাদ্দকৃত প্রাথমিক কক্ষ সংখ্যার চেয়ে কম সংখ্যায় কক্ষ বরাদ্দ পায়, সেটিকে "সংশোধন" বলা হয়। 'ক্যাম্পাস পলিসি মেমো'-তে নির্ধারিত পদ্ধতি অনুসরণ করে যথাযথ বিল্ডিং কাউন্সিল ফুটপ্রিন্ট অনুসারে বরাদ্দকৃত কক্ষের বাইরে জায়গার প্রস্তাবিত পরিবর্তন বা পুন:বিতরণ সংক্রান্ত বিষয়ে যে-পরিসরে অসম্মতি জ্ঞাপন করে, ভবন ব্যবহারের সেইটুকু পরিকল্পনাকেও সংশোধন হিসাবে ধরা হবে।

3. যে স্কুল বর্ষে বন্ধ বা ব্যবহারের ক্ষেত্রে পরিবর্তন কার্যকর হবে, সেই বর্ষের কমপক্ষে ছয় মাস পূর্বে, চ্যান্সেলর ডি.ও.ই.-র অফিশিয়াল ইন্টারনেট ওয়েবসাইটে ই.আই.এস. প্রকাশ করবেন এবং ই.আই.এস.-এর একটি কাগজের প্রতিলিপি বাধাগ্রস্থ স্কুল(সমূহের) মূল অফিস(গুলিতে) উপলভ্য করবেন। চ্যান্সেলর পি.ই.পি., বাধাগ্রস্থ কম্যুনিটি এডুকেশন কাউন্সিল (সি.ই.সি.), বাধাগ্রস্থ কম্যুনিটি বোর্ড, কম্যুনিটি সুপারিনটেনডেন্ট, বাধাগ্রস্থ স্কুলের(স্কুলসমূহের) স্কুল নেতৃত্ব দল (এসএলটি), ইংরেজি ভাষা শিক্ষার্থী বিষয়ক সিটিওয়াইড কাউন্সিল ("সিসিইএলএল"), এবং বিশেষ শিক্ষা বিষয়ক সিটিওয়াইড কাউন্সিল ("সিসিএসই") কাছেও ই.আই.এস. এর একটি কাগজের প্রতিলিপি নথিভুক্ত করবেন। হাই স্কুল সংক্রান্ত প্রস্তাবের জন্য, চ্যান্সেলর সিটিওয়াইড কাউন্সিল অন হাই স্কুলস (সি.সি.সি.এইচ.)-এর কাছে ই.আই.এস.-এর একটি কাগজের প্রতিলিপিও নথিভুক্ত করবেন, এবং ডিস্ট্রিক্ট ৭৫ (ডি ৭৫) স্কুল প্রতিষ্ঠানে অধ্যয়নরত ক্ষতিগ্রস্থ শিক্ষার্থী সংক্রান্ত প্রস্তাবের জন্য, চ্যান্সেলর ডি.৭৫-এর কাছেও ই.আই.এস.-এর একটি কাগজের প্রতিলিপি নথিভুক্ত করবে। হাইস্কুল সংক্রান্ত প্রস্তাবের ক্ষেত্রে, চ্যান্সেলর সকল কমিউনিটি বোর্ড এবং স্কুলটি যে 'বারা'-তে অবস্থিত সেখানকার সিইসিগুলো বরাবর ইআইএস-এর একটি প্রতিলিপি ই-মেইলও করবেন। সঠিকভাবে নথিভুক্ত করার অর্থ হচ্ছে পি.ই.পি.-র চেয়ারপার্সন, বাধাগ্রস্থ সি.ই.সি.-র প্রশাসনিক সহকারী, বাধাগ্রস্থ কম্যুনিটি বোর্ডের প্রেসিডেন্ট অথবা প্রতিনিধি, এস.এল.টি.-র সদস্য হওয়ার ক্ষমতা বলে বাধাগ্রস্থ স্কুলের প্রিন্সিপ্যালের কাছে, সিসিইএলএল ও সিসিএসই-এর প্রতিনিধিবর্গ, এবং যেমনটা যথাযথ, সি.সি.এইচ.এস. এবং ডি.৭৫ কাউন্সিলের প্রেসিডন্টগণ বা তাদের প্রতিনিধিবর্গের কাছে ই.আই.এস.-এর একটি কাগজের প্রতিলিপি বিলি অথবা প্রথম শ্রেণির ডাকে প্রেরণ করা।

4. কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্টের কম্যুনিটি সুপারিনটেডেন্ট এ ধরনের প্রস্তাবের এবং তার পরবর্তী সংশোধিত প্রস্তাবের বিজ্ঞপ্তি সকল বাধাগ্রস্থ শিক্ষার্থীর কাছে প্রেরণ করবেন, সরাসরি, অথবা ক্ষতিগ্রস্থ স্কুল প্রশাসনের মাধ্যমে।ই.আই.এস. অথবা সংশোধিত ই.আই.এস. প্রযোজ্য হলে, সেটির প্রতিলিপি কোথায় পাওয়া যাবে এবং প্রস্তাব বা সংশোধিত প্রস্তাবের (সেকশনII.B)।উপর যৌথ উন্মুক্ত শুনানির তারিখ এবং অবস্থান সংক্রান্ত তথ্য এই বিজ্ঞপ্তিতে অন্তর্ভুক্ত থাকবে।হাই স্কুল সংক্রান্ত কোন ক্ষেত্রে, বাধাগ্রস্থ পিতামাতাদের কাছে এই ধরনের বিজ্ঞপ্তি প্রস্তাবের বিবেচ্য স্কুলের ক্ষতিগ্রস্থ কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্টের কম্যুনিটি সুপারিনটেনডেন্ট এবং হাই স্কুল সুপারিনটেনডেন্ট যৌথ ভাবে প্রদান করবেন। ডি.৭৫ স্কুল প্রতিষ্ঠানে অধ্যয়নরত ক্ষতিগ্রস্থ শিক্ষার্থী সংক্রান্ত প্রস্তাবের ক্ষেত্রে, ডি.৭৫-এর সুপারিনটেনডেন্ট বাধাগ্রস্থ পিতামাতাদের বিজ্ঞপ্তি প্রদান করবেন।

B. যৌথ উন্মুক্ত শুনানি

1. স্কুল বন্ধ করা বা স্কুল ব্যবহারের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ পরিবর্তন করার সকল প্রস্তাবের জন্য চ্যান্সেলর[2] প্রস্তাবের বিবেচ্য স্কুলের এস.এল.টি. এবং বাধাগ্রস্থ সি.ই.সি.-এর সাথে যৌথ উন্মুক্ত শুনানি করবেন। সিসিইএলএল ও সিসিএসই-কে এই যৌথ উন্মুক্ত শুনানিতে অংশগ্রহণের আমন্ত্রণ জানানো হবে। হাই স্কুল সংক্রান্ত প্রস্তাবেও, সি.সি.এইচ.এস.-দেরকে যৌথ উন্মুক্ত শুনানিতে অংশগ্রহণের আমন্ত্রণ জানানো হবে। ডি.৭৫ স্কুল প্রতিষ্ঠানে অধ্যয়নরত ক্ষতিগ্রস্থ শিক্ষার্থী সংক্রান্ত প্রস্তাবের ক্ষেত্রেও ডি.৭৫ কাউন্সিলকে যৌথ উন্মুক্ত শুনানিতে অংশগ্রহণ করার আমন্ত্রণ জানানো হবে।

2. যৌথ উন্মুক্তি শুনানির সময়সূচি

   a. এ ধরনের যৌথ উন্মুক্ত শুনানি ই.আই.এস. নথিভুক্ত হওয়ার ত্রিশ (৩০) দিনের আগে নয়, কিন্তু পরবর্তী পঁয়তাল্লিশ (৪৫) দিনের মধ্যে অনুষ্ঠিত হতে হবে।

   b. ই.আই.এস. নথিভুক্ত করার আগে, চ্যান্সেলর কর্তৃক মনোনীত ব্যক্তি বা অফিস, বাধাগ্রস্থ সিইসি'র একজন প্রেসিডেন্ট বা প্রতিনিধির নিকট এবংএস.এল.টি. সদস্য হওয়ার ক্ষমতা বলে বাধাগ্রস্থ স্কুলের প্রিন্সিপ্যালের নিকট, এবং সিইএলএল এবং সিসিএসই-এর প্রেসিডেন্ট বা প্রতিনিধিবর্গের নিকট, হাই স্কুল বা ডি ৭৫ স্কুল প্রতিষ্ঠানে ভর্তিকৃত ক্ষতিগ্রস্ত শিক্ষার্থী সংক্রান্ত প্রস্তাবের ক্ষেত্রে, সিসিএইচএস বা ডি ৭৫ কাউলন্সিলের নিকট যেখানে যেমন প্রযোজ্য, যৌথ উন্মুক্ত শুনানির সম্ভাব্য তারিখ এবং সময়সমূহ প্রস্তাব করবেন। এই গ্রুপগুলোর প্রত্যেকে এ সকল তারিখে তাদের উপস্থিতির বিষয়টি নিশ্চিত করতে অথবা বিকল্প তারিখ প্রস্তাব করতে পারবে। যদি শুনানির তারিখের বিষয়ে ই.আই.এস. নথিভুক্ত করার আগে ঐকমত্যে পৌঁছান না যায়, তাহলে চ্যান্সেলর বা তার মনোনীত ব্যক্তি এমন একটি তারিখ নির্বাচন করবেন যখন প্রযোজ্য আইনগত শর্তাদির সাথে সঙ্গতিপূর্ণভাবে শুনানি অনুষ্ঠিত হতে পারে।

3. যৌথ উন্মুক্ত শুনানির আলোচ্যসূচি

   a. যৌথ উন্মুক্ত শুনানির আগে, চ্যান্সেলর কর্তৃক মনোনীত ব্যক্তি বা অফিস, বাধাগ্রস্থ সি.ই.সি.-র একজন প্রেসিডেন্ট বা প্রতিনিধি, এস.এল.টি.-র সদস্য হওয়ার ক্ষমতা বলে বাধাগ্রস্থ স্কুলের(স্কুলসমূহের) প্রিন্সিপ্যাল(গণ), এবং সিইএলএল এবং সিসিএসই-এর প্রেসিডেন্ট বা প্রতিনিধিবর্গ, এবং যেমনটা প্রযোজ্য, সি.সি.এইচ.এস. এবং ডি.৭৫ কাউন্সিলের প্রেসিডেন্ট বা প্রতিনিধির নিকট যৌথ উন্মুক্ত শুনানির প্রস্তাবিত যৌথ আলোচ্যসূচি প্রেরণ করবে। সি.ই.সি. এস.এল.টি., সিইএলএল, সিসিএসই এবং সি.সি.এইচ.এস. এবং/অথবা ডি.৭৫ কাউন্সিলকে, যেমনটা প্রযোজ্য, প্রস্তাবিত যৌথ আলোচ্যসূচির উপর মন্তব্য করার এবং আলোচ্যসূচিতে পরিবর্তন প্রস্তাব করার সুযোগ দেয়া হবে।

[2] প্রস্তাবিত স্কুল-বন্ধের বিষয়ে, চ্যান্সেলর বা ডেপুটি চ্যান্সেলর এবং বাধাগ্রস্থ সি.ই.সি. এবং এস.এল.টি. কর্তৃক উন্মুক্ত শুনানি অনুষ্ঠিত হবে।স্কুল ব্যবহারের গুরুত্বপূর্ণ পরিবর্তনের প্রস্তাবের ক্ষেত্রে, চ্যান্সেলর বা তার মনোনীত ব্যক্তি এবং বাধাগ্রস্থ সি.ই.সি.এবং এস.এল.টি. কর্তৃক শুনানি অনুষ্ঠিত হবে।

b. এ ধরনের আলোচ্যসূচিতে চ্যান্সেলর, চ্যান্সেলরের মনোনীত ব্যক্তি, এবং/অথবা, স্কুল বন্ধ করে দেয়ার ক্ষেত্রে, ডেপুটি চ্যান্সেলর কর্তৃক প্রস্তাবের সংক্ষিপ্ত উপস্থাপনা অন্তর্ভুক্ত থাকবে। এ ধরনের আলোচ্যসূচিতে অনুরোধক্রমে, বাধাগ্রস্থ সি.ই.সি., বাধাগ্রস্থ স্কুলের এস.এল.টি., এবং সিইএলএল, সিসিএসই, সি.সি.এইচ.এস. এবং/অথবা ডি.৭৫ কাউন্সিল, যেমনটা প্রযোজ্য, কর্তৃক সংক্ষিপ্ত উপস্থাপনা অন্তর্ভুক্ত থাকবে। যদি আলোচ্যসূচির বিষয়বস্তুর ব্যাপারে ঐকমত্য অর্জিত না হয়, তাহলে বাধাগ্রস্থ সি.ই.সি., বাধাগ্রস্থ স্কুলের এস.এল.টি. এবং সিইএলএল, সিসিএসই, সি.সি.এইচ.এস. এবং ডি.৭৫ কাউন্সিল, যেমনটা প্রযোজ্য, তারা যেমনটা যথাযথ বলে মনে করে, তেমনভাবে চ্যান্সেলর, চ্যান্সেলরের মনোনীত ব্যক্তির সংক্ষিপ্ত উপস্থাপনার পর, তাদের সময়ের বরাদ্দ ব্যবহার করতে পারে, এবং/অথবা, স্কুল বন্ধ করে দেয়ার প্রস্তাবের ক্ষেত্রে একজন ডেপুটি চ্যান্সেলর তা করতে পারেন, এবং তা হতে হবে নিম্নে নির্ধারিত সময়সীমার মধ্যে। চ্যান্সেলর, চ্যান্সেলরের মনোনীত ব্যক্তি অথবা ডেপুটি চ্যান্সেলর, সি.ই.সি., এস.এল.টি. অথবা সিইএলএল, সিসিএসই, সি.সি.এইচ.এস., অথবা ডি.৭৫ কাউন্সিলের উপস্থাপনা, যেমনটা প্রযোজ্য,যুক্তিসংগত সময়ের মধ্যে সীমাবদ্ধ থাকবে এবং জনসাধারণের মন্তব্যের সুযোগকে বাধাগ্রস্থ করবে না।

4. চ্যান্সেলর ডি.ও.ই.-র অফিসিয়াল ইন্টারনেট ওয়েবসাইটে যৌথ উন্মুক্ত শুনানির বিজ্ঞপ্তি প্রকাশ করবেন এবং ক্ষতিগ্রস্থ সকল পিতামাতা এবং শিক্ষার্থীদেরকে বিজ্ঞপ্তি দিবেন, উপরন্তু চ্যান্সেলর ক্ষতিগ্রস্থ কম্যুনিটি ডিস্ট্রিক্টের প্রতিনিধিত্বকারী নির্বাচিত স্টেট এবং স্থানীয় কর্মকর্তাদেরকে এবং কম্যুনিটি বোর্ডকে বিজ্ঞপ্তি দিবেন।সকল আগ্রহী পক্ষকে প্রস্তাবের উপর মন্তব্য করার সুযোগ দেয়া হবে।

5. জনসাধারণের মতামত পাওয়ার পর, চ্যান্সেলর প্রস্তাবিত স্কুল বন্ধের বা ব্যবহারের পরিবর্তনের ব্যাপকভাবে সংশোধন করার ক্ষমতা প্রয়োগ করতে পারেন, তবে শর্ত থাকে যে, সংশোধিত প্রস্তাব প্রাথমিক ই.আই.এস.-এর চিহ্নিত স্কুল ছাড়া অন্য কোন স্কুলকে বাধাগ্রস্থ করবে না।যদি চ্যান্সেলর প্রস্তাবটি ব্যাপকভাবে পরিবর্তন করার সিদ্ধান্ত গ্রহণ করেন, সেক্ষেত্রে তিনি এই প্রবিধানর সেকশন II.A.1 -এর নির্ধারিত ফর্ম ব্যবহার করে সংশোধিত ই.আই.এস. প্রস্তুত করবেন।সংশোধিত ই.আই.এস. ডি.ও.ই.-র অফিশিয়াল ইন্টারনেট ওয়েবসাইটটে প্রকাশ করা হবে এবং এর একটি প্রতিলিপি বাধাগ্রস্থ সি.ই.সি., বাধাগ্রস্থ কম্যুনিটি বোর্ড, কম্যুনিটি সুপারিনটেনডেন্ট, বাধাগ্রস্থ স্কুলের এস.এল.টি. এবং সি.সি.এইচ.এস. এবং/অথবা সি.সি.এস.ই. এবং ডি.৭৫ কাউন্সিলের নিকট, যেমনটা প্রযোজ্য, সেকশন II.A.3-তে উল্লেখিত পন্থায়, নথিভুক্ত করতে হবে। এরূপ সংশোধিত ইআইএস নথিভুক্তকরণের ন্যূনতম পনের দিন পর, চ্যান্সেলর বা ডেপুটি চ্যান্সেলর, অথবা স্কুল ব্যবহারে গুরুত্বপূর্ণ পরিবর্তনের ক্ষেত্রে চ্যান্সেলর বা তার মনোনীত ব্যক্তি, নিউ ইয়র্ক এডুকেশন ল' (New York Education Law বা নিউ ইয়র্ক শিক্ষা আইন)-এর অনুচ্ছেদ §2590-h(2-a)(d-1) অনুসারে একটি যৌথ উন্মুক্ত শুনানির আয়োজন করবেন।

C. পি.ই.পি. কর্তৃক অনুমোদন

1. স্কুল বন্ধ করার বা ব্যবহারের গুরুত্বপূর্ণ পরিবর্তনের সকল প্রস্তাব চ্যান্সেলর অনুমোদনের জন্য পি.ই.পি. বরাবর দাখিল করবেন।

2. নিউ ইয়র্কের শিক্ষা আইনের §2590-g(8)(a) অনুযায়ী, পি.ই.পি. স্কুল বন্ধ বা স্কুল ব্যবহারের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ পরিবর্তন সংক্রান্ত কোন প্রস্তাব অনুমোদন করার আগে, প্রস্তাবের উপর মন্তব্যের জন্য জনসাধারণকে সুযোগ দিতে হবে।এই ধরনের প্রস্তাবের উপর ভোট গ্রহণের কমপক্ষে পঁয়তাল্লিশ (৪৫) দিন আগে, পি.ই.পি. ডি.ও.ই.-র অফিশিয়াল ইন্টারনেট ওয়েবসাইটে প্রস্তাবের বিজ্ঞপ্তি প্রকাশ করবে এবং সুনির্দিষ্টভাবে সকল কম্যুনিটি সুপারিনটেনডেন্ট, সি.ই.সি., কম্যুনিটি বোর্ড, এবং এস.এল.টি.-দের মধ্যে বিজ্ঞপ্তি বিতরণ করবে।এ ধরনের বিজ্ঞপ্তির অন্তর্ভুক্ত থাকেব:

a. প্রস্তাবের বিষয়, উদ্দেশ্য এবং সারবস্তুর বর্ণনা;

b. ই.আই.এস.-র পূর্ণ লিখিত বিবরণ কোথায় পাওয়া যাবে সে-তথ্য;

c. একজন সিটি ডিস্ট্রিক্ট প্রতিনিধির নাম, অফিস, ঠিকানা, ই-মেইল ঠিকানা এবং টেলিফোন নম্বর, যিনি বিবেচ্য বিষয় সম্পর্কে জ্ঞান রাখেন এবং যার কাছ থেকে প্রস্তাব সংক্রান্ত তথ্য পাওয়া যেতে পারে;

d. প্রস্তাবের উপর যে কোন শুনানির তারিখ,সময়,এবং স্থান;

e. পি.ই.পি.-র যে-সভায় পি.ই.পি. প্রস্তাবের উপর ভোট দিবে সেটির তারিখ সময়,স্থান; এবং

f. প্রস্তাবের উপর কীভাবে মৌখিক বা লিখিত মন্তব্য দাখিল করতে হয় সে সম্পর্কে তথ্য।

3. পি.ই.পি. কর্তৃক প্রস্তাবের বিষয়ে উন্মুক্ত বিজ্ঞপ্তি প্রদানের পর যদি স্কুল বন্ধ বা স্কুল ব্যবহারের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ পরিবর্তন সংক্রান্ত চ্যান্সেলরের প্রস্তাব ব্যাপকভাবে পরিবর্তিত হয়, সে ক্ষেত্রে পি.ই.পি., প্রস্তাবের উপর ভোট গ্রহণের কমপক্ষে পনেরো (১৫)দিন আগে, একটি সংশোধিত উন্মুক্ত বিজ্ঞপ্তি প্রকাশ করবে।সংশোধিত উন্মুক্ত বিজ্ঞপ্তির অন্তর্ভুক্ত থাকবে:

a. সংশোধিত প্রস্তাবের বিষয়, উদ্দেশ্য এবং সারবস্তুর বর্ণনা;

b. প্রস্তাবের সকল গুরুত্বপূর্ণ পরিবর্তন চিহ্নিতকরণ;

c. প্রাথমিক উন্মুক্ত সভায় প্রাপ্ত জনসাধারণের সকল মন্তব্যের সারাংশ;

d. সংশোধিত ই.আই.এস.-এর পূর্ণ লিখিত বিবরণ কোথায় পাওয়া যাবে সে-সংক্রান্ত তথ্য;

e. একজন সিটি ডিস্ট্রিক্ট প্রতিনিধির নাম, অফিস, ঠিকানা, ই-মেইল ঠিকানা এবং টেলিফোন নম্বর, যিনি বিবেচ্য বিষয় সম্পর্কে জ্ঞান রাখেন এবং যার কাছ থেকে প্রস্তাব সংক্রান্ত তথ্য পাওয়া যেতে পারে;

f. সংশোধিত প্রস্তাবের উপর যে-কোন শুনানির তারিখ, সময়, এবং স্থান;

g. পি.ই.পি. সংশোধিত প্রস্তাবের উপর যে-পি.ই.পি. সভায় ভোট গ্রহণ করবে সেটির তারিখ, সময় এবং স্থান, এবং

h. সংশোধিত প্রস্তাবের বিষয়ে কীভাবে মৌখিক বা লিখিত মন্তব্য দাখিল করা যায় সে সম্পর্কে তথ্য।

4. উন্মুক্ত মন্তব্য গ্রহণের সময় শেষ হয়ে গেলে এবং প্রস্তাবের উপর পি.ই.পি.-র ভোট গ্রহণের আগে, যে-পি.ই.পি. সভায় প্রস্তাবের উপর ভোট গ্রহণ করা হবে, তার চব্বিশ(২৪) ঘন্টা আগে পি.ই.পি. ডি.ও.ই.-র অফিশিয়াল ইন্টারনেট ওয়েবসাইটে প্রস্তাব সংক্রান্ত প্রাপ্ত সকল উন্মুক্ত মন্তব্যের মূল্যায়ন প্রকাশ করবে।এ ধরনের মূল্যানের অন্তর্ভুক্ত থাকবে:

a. উত্থাপিত বিষয় এবং সুপারিশকৃত গুরুত্বপূর্ণ বিকল্পের সারাংশ ও বিশ্লেষণ;

b. কোন গুরুত্বপূর্ণ বিকল্প প্রস্তাবে কেন সন্নিবেশিত করা হল না তার কারণের বিবৃতি;

c. জনসাধারণের কাছ থেকে প্রাপ্ত মন্তব্যের ফলে প্রস্তাবে আনীত যে-কোন পরিবর্তনের বর্ণনা;এবং

d. ই.আই.এস. অথবা সংশোধিত ই.আই.এস.-এর পূর্ণ লিখিত বিবরণ কোথায় পাওয়া যাবে সে সম্পর্কে তথ্য।

5. নিউ ইয়র্কের শিক্ষা আইনের সেকশন 2590-h-এর উপ-বিভাগ (2-a) এর অনুচ্ছেদ (e) অনুসারে, পি.ই.পি. অনুমোদিত প্রস্তাব সে-পর্যন্ত কার্যকর হবে না যে-পর্যন্ত না এই প্রবিধানের প্রযোজ্য সকল শর্ত মেটানো হয়েছে এবং যে-স্কুল বর্ষে পি.ই.পি. মঞ্জুরকৃত অনুমোদন দেয়া হয়েছে সে-স্কুল বর্ষ শেষ না হচ্ছে।

III. <u>যে-সকল পাবলিক স্কুল ভবনে একাধিক স্কুল বা কর্মসূচি অবস্থিত সেগুলোর ব্যবস্থাপনার পদ্ধতি</u>

A. বিল্ডিং কাউন্সিল

1. প্রতিটি পাবলিক স্কুল ভবন যেখানে দুই বা তার অধিক স্কুল সহ-অবস্থান করছে, অথবা যেখানে ডি.৭৫ স্কুল প্রতিষ্ঠানের সাথে এক বা একাধিক স্কুল সহ-অবস্থিত, সেখানে একটি বিল্ডিং কাউন্সিল গঠিত হবে। প্রতিটি নন-চার্টার সহ-অবস্থিত স্কুল বা ডি ৭৫ স্কুল প্রতিষ্ঠানের প্রিন্সিপ্যাল (অথবা ডি ৭৫ স্কুল প্রতিষ্ঠানের একজন অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপ্যাল), এবং প্রতিটি নন-চার্টার সহ-অবস্থিত স্কুলের মনোনীত একজন প্রতিনিধি নিয়ে বিল্ডিং কাউন্সিল গঠিত হবে। তারা মাসে কমপক্ষে একবার মিলিত হয়ে ভবনের সকল স্কুল এবং কর্মসূচির অব্যাহত দৈনিক কার্যক্রমের বিষয়ে এবং তাদের পরিষেবাধীন শিক্ষার্থীদের নিরাপত্তা সম্পর্কে আলোচন করবেন।

বিল্ডিং কাউন্সিল যদি কোন বিষয়ে সিদ্ধান্তে না পৌঁছাতে পারে, তাহলে http://schools.nyc.gov/community/campusgov -এ লভ্য 'ক্যাম্পাস পলিসি মেমো অ্যান্ড প্রসিডিউরস' অনুযায়ী মতভেদ নিরসন পদ্ধতি প্রযোজ্য হবে।

2. http://schools.nyc.gov/community/campusgov -এ লভ্য 'ক্যাম্পাস পলিসি মেমো অ্যান্ড প্রসিডিউরস' অনুযায়ী পন্থায় বিল্ডিং কাউন্সিল তাদের সভার আলোচ্যসূচি এবং বিবরণী প্রস্তুত এবং সংরক্ষণ করবে, একই সাথে স্কুল ভবনের ব্যবস্থপনা সংক্রান্ত অন্যান্য কিছু নির্দিষ্ট রেকর্ড তৈরি করবে এবং সংরক্ষণ করবে।

B. এক বা একাধিক নন-চার্টার স্কুলের সাথে অথবা নির্দিষ্ট কিছু ডি.৭৫ স্কুল প্রতিষ্ঠানের সাথে অবস্থিত চার্টার স্কুল।

1. বন্টনকৃত জায়গা সংক্রান্ত কমিটি

a. প্রতিটি পাবলিক স্কুল ভবনে, যেখানে এক বা একাধিক চার্টার স্কুল এক বা একাধিক নন-চার্টার পাবলিক স্কুলের সাথে অথবা ডি.৭৫ স্কুল প্রতিষ্ঠানের সাথে অবস্থিত, সেখানে বন্টনকৃত জায়গা সংক্রান্ত একটি কমিটি গঠিত হবে। প্রিন্সিপ্যাল (অথবা ডি ৭৫ স্কুল প্রতিষ্ঠানের একজন অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপ্যাল), একজন শিক্ষক, এবং সহ-অবস্থিত প্রতিটি স্কুল অথবা ডি.৭৫ স্কুল প্রতিষ্ঠানথেকে একজন পিতামাতা নিয়ে বন্টনকৃত জায়গা সংক্রান্ত কমিটি গঠিত হবে। বন্টনকৃত জায়গা সংক্রান্ত কমিটিতে নন-চার্টার স্কুলের শিক্ষক এবং পিতামাতা সদস্য যার যার স্কুলের এল.এল.টি. সদস্য দ্বারা নির্বাচিত হবে।

b. এ ধরনের কমিটি প্রতি স্কুল বর্ষে কমপক্ষে চার বার মিলিত হবে।যে-সকল চার্টার স্কুলের অবস্থান বা পাবলিক স্কুল ভবনের সহ-অবস্থান পি.ই.পি. কর্তৃক, সংশোধিত চার্টার স্কুল আইন (মে ২৮, ২০১০ তারিখের) কার্যকর হবার তারিখের পর অনুমোদিত, সেগুলোর জন্য বন্টনকৃত জায়গা সম্পর্কিত কমিটি চ্যান্সেলর কর্তৃক প্রস্তুতকৃত এবং পি.ই.পি. কর্তৃক অনুমোদিত ভবন ব্যবহারের পরিকল্পনা বাস্তবায়ন পর্যালোচনা করে দেখবে।যে-সকল চার্টার স্কুল একটি পাবলিক স্কুল ভবনের মধ্যে অবস্থান বা সহ-অবস্থানের জন্য সংশোধিত চার্টার স্কুল আইন কার্যকর হওয়ার তারিখের আগেই অনুমোদিত হয়েছিল, সেগুলোর জন্য বন্টকৃত জায়গা সম্পর্কিত কমিটি সেই ভবনগুলিতে বর্তমান ভবনে জায়গার পরিকল্পনা বাস্তবায়ন পর্যালোচনা করে দেখবে।

2. মূলধনী উন্নয়ন এবং স্থাপনার উন্নতিকরণ

a. চ্যান্সেলর অথবা তার মনোনীত ব্যক্তি, পাবলিক স্কুল ভবনের ভেতরে চার্টার স্কুলের সহ-অবস্থানের ব্যবস্থার জন্য, প্রথমেই পাঁচ হাজার ডলারের বেশি যে কোন প্রস্তাবিত মুলধনী উন্নয়ন বা স্থাপনার উন্নতিকরণের জন্য অবশ্যই লিখিত অনুমোদন দিবেন, অর্থায়নের উৎস যাই হোক না কেন।শিক্ষা আইনের সেকশন 2853 এর উপবিভাগ 3 এর অনুচ্ছেদ d এর চাহিদা অনুযায়ী, পাবলিক স্কুল ভবনের মধ্যে অবস্থিত প্রতিটি নন-চার্টার স্কুলের মূলধনী উন্নয়ন অথবা স্থাপনার উন্নতিকরণের জন্য প্রয়োজনীয় পরিমাণের অর্থায়নের জন্য অনুরোধকারী সংস্থা থেকে অনুরোধ প্রাপ্তির পর, চ্যান্সেলর বা তার মনোনীত ব্যক্তি এ ধরনের অনুমোদনের ব্যবস্থা করতে পারেন।প্রস্তাবিত মূলধনী উন্নয়ন বা স্থাপনার উন্নতিকণের প্রস্তাবের ব্যয়ের হিসাবে উভয় মজুরি এবং মালামালের খরচ অন্তর্ভুক্ত করতে হবে।প্রস্তাবিত মূলধনী উন্নয়নের বা স্থাপনার উন্নতিকরণের ব্যয়ের হিসাবে সকল গৃহীত কাজ এবং ক্রয়কৃত মালামাল একটি একক প্রকল্পের অংশ হিসাবে বিবেচিত হবে।এ ধরনের উন্নয়ন বা উন্নতিকরণ, যা চ্যান্সেলর কর্তৃক অনুমোদিত হয়েছে, যে সকল ক্ষেত্রে মূলধনী উন্নয়ন বা স্থাপনার উন্নতিকরনের খরচের পরিমাণ হবে পাবলিক স্কুল ভবনের ভেতরে অবস্থিত প্রতিটি নন-চার্টার স্কুলের জন্য চার্টার স্কুলের ব্যয়ের সমপরিমাণ। পাঁচ হাজার ডলারের অধিক চ্যান্সেলর কর্তৃক অনুমোদিত যে কোন মূলধনী উন্নয়ন বা স্থাপনার উন্নতিকরণের ব্যয়ের ক্ষেত্রে, অর্থায়নের উৎস যাইই হোক না কেন, যা পাবলিক স্কুল ভবনে ইতোমধ্যে সহ-অবস্থিত চার্টার স্কুলের পেছনে ব্যয় করা হয়েছে, সে ক্ষেত্রে এ ধরনের উন্নয়নের উন্নতিকরণের তিন মাসের মধ্যে, মূলধনী উন্নয়ন অথবা স্থাপনার উন্নতির সাদৃশ্যপূর্ণ সমপরিমাণ খরচ পাবলিক স্কুল ভবনের ভেতরে অবস্থিত প্রতিটি নন-চার্টার স্কুলের জন্য চার্টার স্কুলের ব্যয়ের সমপিমাণে হবে।

b. অনুমোদন প্রক্রিয়া

i. মূলধনী উন্নয়ন এবং স্থাপনার উন্নতিকরণের সকল প্রস্তাব ডিভিশন অব অপারেশনস্ বরাবর দাখিল করার পূর্বে অবশ্যই লিখিতভাবে ভবনের বিল্ডিং কাউন্সিল এবং যৌথ-ব্যবহার্য স্থান বিষয়ক কমিটি'র নিকট জমা দিতে হবে। লিখিত প্রস্তাব অবশ্যই ডিভিশন অব অপারেশনস্ অথবা অন্য কোন মনোনীত অফিসে, প্রকল্প শুরু করার কমপক্ষে ১৫ স্কুল দিবস পূর্বে দাখিল করতে হবে।একটি চার্টার স্কুলের প্রস্তাবিত মূলধনী উন্নয়ন অথবা স্থাপনার উন্নতিকরণের অর্থায়ন দাখিল করার সময় অবশ্যই নিশ্চিত করে নিতে হবে।

ii. ডিভিশন অব অপারেশনস্ অথবা তার মনোনীত প্রতিনিধি চার্টার স্কুল কর্তৃক দাখিলকৃত মূলধনী উন্নয়ন বা স্থাপনার উন্নতিকরণের অনুমোদনের আবেদনপত্র বিবেচনা করবে এবং চ্যান্সেলর বা তার মনোনীত ব্যক্তির কাছে অনুমোদন সম্পর্কে সুপারিশ পেশ করবে।

iii. চ্যান্সেলর বা তার মনোনীত ব্যক্তি চার্টার স্কুল পরিচালনাকারীকে এবং সহ-অবস্থিত নন-চার্টার স্কুলকে প্রস্তাবিত মূলধনী উন্নয়ন অথবা স্থাপনার উন্নতিকরণের অনুমোদনের মঞ্জুরি বা অস্বীকৃতির সিদ্ধান্ত অবহিত করবেন।

iv. চার্টার স্কুলের মূলধনী উন্নয়ন বা স্থাপনার উন্নতিকরণের মূল প্রস্তাবিত কার্যপরিধির যে কোন পরিবর্তন অবশ্যই চ্যান্সেলর বা তার মনোনীত ব্যক্তি কর্তৃক কার্যপরিধির পরিবর্তন বাস্তাবায়নের আগেই অনুমোদিত হতে হবে।

v. যে কোন চার্টার স্কুল, যেটি চ্যান্সেলর বা তার মনোনীত ব্যক্তির অনুমোদন ছাড়াই মূলধনী উন্নয়ন বা স্থাপনার উন্নতিকরণের কাজ শুরু করে, তারা উন্নয়ন বা উন্নতিকরণের অর্থায়নের জন্য দায়ী থাকবে, এবং চার্টার স্কুলের উন্নয়ন বা উন্নতিকরণের তিন মাসের মধ্যে পাবলিক স্কুলের ভবনের ভিতরে অবস্থিত প্রতিটি নন-চার্টার স্কুলের জন্য চার্টার স্কুলের সমপরিমাণ ব্যয়ের জন্য দায়ী থাকবে।চ্যান্সেলর আইনসম্মত অন্য কোন ব্যবস্থা গ্রহণ করারও সিদ্ধান্ত গ্রহণ করতে পারেন।

C. আপিল

i. একটি পাবলিক স্কুল ভবনের মধ্যে একটি চার্টার স্কুলের অবস্থান অথবা সহ-অবস্থানের প্রস্তাব এবং সে সম্পর্কিত ভবন ব্যবহারের পরিকল্পনা একবার পি.ই.পি. কর্তৃক অনুমোদিত হয়ে গেলে, ভবন ব্যবহারের পরিকল্পনার মান্যতার প্রস্তাব এবং/অথবা বাস্তবায়নের বিরুদ্ধে কমিশনার অব এডুকেশন-এর বরাবর, নিউ ইয়র্কের শিক্ষা আইনের §2853(3)(a-5) অনুযায়ী আপিল করা যেতে পারে।

IV. আপদকালে স্কুল বন্ধ এবং স্কুল ব্যবহারের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ পরিবর্তনের পদ্ধতি

A. চ্যান্সেলর একটি স্কুল সাময়িকভাবে বন্ধ করে দিতে পারেন এবং জরুরি ভিত্তিতে স্কুলের ব্যবহারের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ পরিবর্তন গ্রহণ করতে পারেন, যদি তিনি মনে করেন যে, শিক্ষার্থীদের স্বাস্থ্য, নিরাপত্তা, অথবা সাধারণ মংগলের জন্য এ ধরনের ব্যবস্থা অনতিবিলম্বে প্রয়োজন।

B. চ্যান্সেলর আপদকালীন পদক্ষেপের কারণ নির্ধারণ করে একটি লিখিত বিবৃতি দিবেন এবং ডি.ও.ই.-র অফিশিয়াল ইন্টারনেট ওয়েবসাইটে এর বিজ্ঞপ্তি প্রকাশিত হবে।

C. একটি আপদকালীন বন্ধ বা ব্যবহারের ক্ষেত্রে পরিতর্বন শুধুমাত্র ছয় মাস পর্যন্ত কার্যকর থাকবে, এবং এ-সময়কালে চ্যান্সেলর এই প্রবিধানের চাহিদার সাথে মান্যতা বজায় রাখবেন।আপদকালীন বন্ধ বা ব্যবহারের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ পরিবর্তন ছয়-মাসের অধিক প্রলম্বিত করার আগে, এই প্রবিধানের সকল চাহিদা অবশ্যই মেনে চলতে হবে।

V. কার্যকারিতার তারিখ

এই প্রবিধান পি.ই.পি. কর্তৃক অনুমোদনের দিন থেকেই কার্যকর হবে।

VI. প্রশ্ন

এই প্রবিধান সম্পর্কে প্রশ্ন এই ঠিকানায় পাঠাতে হবে:

টেলিফোন:
212-374-5049

Division of Portfolio Planning
N.Y.C. Department of Education
52 Chambers Street – Room 405
New York, NY 10007
Portfolio@schools.nyc.gov

ফ্যাক্স:
212-374-5581